পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/ ৮৮৯ তারিখ ঃ ২৯/০৩/২০১৭ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের জন্য **স্থায়ী/ খন্ডকালীন** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

বিভাগের নাম, পদের নাম, বেতনস্কেল, গ্রেড ও সম্মানী	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ **প্রভাষক** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	১টি	**প্রভাষক ঃ** ক) কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে সম্মান ও মাস্টার্স উভয় পরীক্ষায় গ্রেডিং পয়েন্টে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫ অথবা প্রথম শ্রেণি থাকতে হবে। খ) ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ও এমএসসি* ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় গ্রেডিং পয়েন্টে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫ অথবা প্রথম শ্রেণি থাকতে হবে। *তবে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী প্রার্থীরাও আবেদন করতে পারবে এবং এমএসসি ডিগ্রিধারী যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী প্রার্থী এমএসসি ডিগ্রি যথাশীঘ্র সম্পন্ন করার শর্তে নেওয়া যেতে পারে। গ) এসএসসি ও এইচএসসি প্রত্যেকটি পরীক্ষায় নূন্যতম সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০ অথবা প্রথম বিভাগ থাকতে হবে। ঘ) কোন পরীক্ষায় সিজিপিএ ২.৫০ এর কম/ ৩য় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়। ঙ) প্রার্থীর পিএইচডি/এমফিল/স্বীকৃত (reffered) জার্নালে বিষয় সংশ্লিষ্ট প্রকাশনা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। **নোটস:** i) স্বীকৃত জার্নাল বলতে ISSN নম্বর সম্বলিত Peer Reviewed গবেষণা জার্নাল অথবা ISBN নম্বর সম্বলিত গবেষণা পুস্তক বুঝাবে। ii) মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিভাগসমূহ, ইনস্টিটিউটসমূহ এবং আর্কিটেকচার বিভাগে প্রভাষক পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক পদে নিয়োগের যোগ্যতার যে কোন একটি শর্ত (ঘ নং ব্যতীত) শিথিলযোগ্য।
(২) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ **প্রভাষক** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) **প্রভাষক** (খন্ডকালীন) (বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী প্রতি ক্লাস ৭০০/- হারে সম্মানী ভিত্তিতে)	১টি ২টি	
(৩) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ **প্রভাষক** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) **প্রভাষক** (খন্ডকালীন) (বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী প্রতি ক্লাস ৭০০/- হারে সম্মানী ভিত্তিতে)	৩টি ১টি	
(৪) আর্কিটেকচার বিভাগ **প্রভাষক** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	১টি	
(৫) নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ **প্রভাষক** (খন্ডকালীন) (বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী প্রতি ক্লাস ৭০০/- হারে সম্মানী ভিত্তিতে)	২টি	
(৬) গণিত বিভাগ **প্রভাষক (বিশুদ্ধ গণিত)** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) **প্রভাষক (ফলিত গণিত)** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	২টি ১টি	
(৭) রসায়ন বিভাগ **প্রভাষক** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	১টি	
(৮) পদার্থবিজ্ঞান বিভাগ **প্রভাষক** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	১টি	
(৯) পরিসংখ্যান বিভাগ **প্রভাষক** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	২টি	
(১০) অর্থনীতি বিভাগ **প্রভাষক** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	১টি	
(১১) ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ **প্রভাষক** (স্থায়ী) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	২টি	

শর্তাবলী ঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২০/০৪/২০১৭ ইং।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, প্রশাসনিক ইউনিট, বাড়ী নং- ০৭৭৪-০০১, দক্ষিণ রাঘবপুর-৫, ঢাকা রোড, পাবনা, বরাবরে উক্ত তারিখের **(২০/০৪/২০১৭ ইং)** মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি **(খ)** শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি **(গ)** জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি **(ঘ)** অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(ঙ)** প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(চ)** ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) **(ক)** সকল পদের প্রার্থীদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫) মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৬) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭) প্রত্যেক প্রার্থীর তার প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

৮) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষায় ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়** এর অনুকূলে জনতা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে সকল পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১০) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/০৩/১৭

অতিরিক্ত রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।